PG Odd Semester (CBCS) Exam., December—2018

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–302

(বিংশ শতকের বাংলা কবিতা—১)

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও।

ক—গুচ্ছ

১। যতীন্দ্রনাথ সেনগুপ্তের প্রথম কাব্য সংকলনের নাম কী? গ্রন্থটি কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়? ''বাংলা কবিতার তৃতীয় দশক নতুন আরেক নবীনতার জন্যে উৎসুক হয়ে পড়েছিল।'' এই নবীনতার স্পর্শ যতীন্দ্রনাথের কবিতায় কীভাবে প্রতিফলিত হয়েছে, 'মরুশিখা' গ্রন্থের কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।
১+১+১২=১৪

২। 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের প্রকাশকাল কত? গ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেন? নজরুল একাধারে রোমান্টিক কবি ও বিদ্রোহী সৈনিক। তাঁর কবিমানসের এই দ্বৈতসত্তার উদ্‌ভাসন ঘটে 'অগ্নিবীণা' কাব্যে—'পুরাণ'-এর শিব চরিত্রের রূপায়ণে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। জীবনানন্দ দাশের জন্মস্থান কোথায়? তাঁর প্রথম কাব্যগ্রন্থ কোনটি? জীবনানন্দের কবিতায় 'অন্ধকার' শব্দটির একটি বিশেষ তাৎপর্য আছে। 'বনলতা সেন' কাব্যগ্রন্থের পঠিত কবিতা অবলম্বনে 'অন্ধকার' শব্দটির তাৎপর্য বিশ্লেষণ করো।
১+১+১২=১৪

৪। 'বেলা অবেলা কালবেলা' কাব্যগ্রন্থটি কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়? এই কাব্যগ্রন্থের প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে জীবনানন্দের সময়–চেতনার স্বরূপ নির্ণয় করো। ১+১৩=১৪

গ—গুচ্ছ

৫। 'চোরাবালি' কাব্যগ্রন্থের কবিতাগুলি কোন্ সময়কালে রচিত? 'ঘোড়সওয়ার' কবিতাটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? '' 'ঘোড়সওয়ার' কবিতাটি আগাগোড়া দ্ব্যর্থক কবিতা।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৬। 'স্মৃতি-সত্তা-ভবিষ্যত' কাব্যগ্রন্থে মোট কয়টি কবিতা রয়েছে? কবি কাকে গ্রন্থটি উৎসর্গ করেছেন? ''স্মৃতির ভার বহন করে, সত্তার আকাঙ্ক্ষায় স্পন্দিত বর্তমান যেন এই কবিতায় মুখ তুলে চায় এক কঠিন কিন্তু উজ্জ্বল ভবিষ্যতের দিকে।'' এই মন্তব্যের আলোকে 'স্মৃতি-সত্তা-ভবিষ্যত' কবিতাটির ভাবসত্য বিশ্লেষণ করো। ১৪

ঘ—গুচ্ছ

৭। 'অর্কেষ্ট্রা'র কবিতাগুলির রচনাকাল কত? ''সুধীন্দ্রনাথের কবিতা দ্বন্দ্বমুখর : মননের সঙ্গে আবেগের দ্বন্দ্ব, বুদ্ধির সঙ্গে প্রবৃত্তির দ্বন্দ্ব, বাস্তবের সঙ্গে আদর্শের দ্বন্দ্ব, ক্ষণিকতার সঙ্গে চিরন্তনতার দ্বন্দ্ব—আর সবার মূলে রয়েছে তাঁর দার্শনিক সত্তা ও কবি সত্তার দ্বন্দ্ব।'' মন্তব্যটি আলোচনা করো। ১+১৩=১৪

৮। কত খ্রিষ্টাব্দে সুধীন্দ্রনাথ রবীন্দ্রনাথের সঙ্গে জাপান ও আমেরিকায় কাটিয়েছেন? অনেকেই কবি সুধীন্দ্রনাথকে বাংলা কবিতায় 'ধ্রুপদী রীতির প্রবর্তক' বললেও কবি বুদ্ধদেব বসু বলেছেন, ''সুধীন্দ্রনাথ মর্মে মর্মে রোমাণ্টিক কবি এবং একজন শ্রেষ্ঠ রোমাণ্টিক।'' মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১+১৩=১৪

ঙ—গুচ্ছ

৯। বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থের নাম কী? কোন্ খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়েছিল? ''প্রথম যৌবনের তুলনায় পরিণত প্রৌঢ়িতে কবি সাময়িককে অনেক বেশী মুহুর্মুহু তুলে নিয়েছেন তাঁর কবিতায়। সামাজিক ন্যায়-অন্যায়ের ইতিহাস অনেক বেশি প্রত্যক্ষ হয়ে এসেছে তাঁর শেষ পনেরো বছরের কবিতায়।'' প্রাসঙ্গিক কয়েকটি কবিতা অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য পর্যালোচনা করো। ১+১+১২=১৪

১০। বীরেন্দ্র চট্টোপাধ্যায় কত খ্রিষ্টাব্দে রবীন্দ্র পুরস্কারে ভূষিত হন? ''বীরেন্দ্র চট্টোপাধ্যায় মূলত ভালোবাসার কবি, কেবল সেই ভালোবাসার সময়ে তাঁর চারপাশের আগুনকে তিনি ভোলেন না কখনোই, বলেন—

এসো আমরা আগুনে হাত রেখে
প্রেমের গান গাই।''

উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১৩=১৪

★★★